গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৮.২০৫.১৮-৬৮৩

তারিখ: ০৯ অগ্রহায়ণ, ১৪২৮
২৪ নভেম্বর, ২০২১

**বিষয়: আসন্ন ২০২১ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা সুষ্ঠু, নকলমুক্ত এবং ইতিবাচক পরিবেশে সম্পন্নের লক্ষ্যে পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬-এর সংশ্লিষ্ট বিধান সম্পর্কে সর্বসাধারণকে অবহিতকরণের উদ্দেশ্যে টেলিভিশনে সম্প্রচার সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ০২ ডিসেম্বর, ২০২১ তারিখ বৃহস্পতিবার থেকে সারাদেশে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা শুরু হবে। পরীক্ষাসমূহ সুষ্ঠু, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে সম্পন্নের জন্য সর্বসাধারণকে পরীক্ষা সংক্রান্ত আইন ও অন্যান্য তথ্য দিয়ে সচেতন করার উদ্দেশ্যে পরীক্ষার পূর্ব হতে এবং পরীক্ষা চলাকালে টেলিভিশনে নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১) আগামী ০২ ডিসেম্বর, ২০২১ তারিখ বৃহস্পতিবার থেকে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা শুরু হবে;

২) পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে আবশ্যিকভাবে কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে;

৩) পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০-এর ৪ ধারা অনুযায়ী পরীক্ষা শুরুর পূর্বে প্রশ্ন সংক্রান্ত কোন কাগজ পরীক্ষার জন্য প্রণীত হয়েছে মর্মে বা ধারণাদায়ক কোন প্রশ্ন প্রণীত কাগজ যে কোন উপায়ে ফাঁস, প্রকাশ বা বিতরণ শাস্তিমূলক অপরাধ, এ ধরণের অপরাধের জন্য ৪ বছর পর্যন্ত কারাদন্ড কিংবা অর্থদন্ড বা উভয়বিধ দন্ডের বিধান আছে;

৪) ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮-এর ২৩ ধারা অনুযায়ী কোন ব্যক্তি যদি ডিজিটাল বা ইলেকট্রনিক মাধ্যম ব্যবহার করে প্রতারণা করেন তাহলে তিনি অনধিক ৫(পাঁচ) বৎসর কারাদন্ডে, বা অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ডে, বা উভয় দন্ডে দন্ডিত হবার বিধান আছে। যদি কোন ব্যক্তি উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃ পুনঃ সংঘটন করেন, তাহলে তিনি অনধিক ৭(সাত) বৎসর কারাদন্ডে, বা অনধিক ১০(দশ) লক্ষ টাকা অর্থদন্ডে বা উভয় দন্ডে দন্ডিত হবার বিধান আছে;

৫) ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮-এর ধারা ২৫(ঘ) অনুযায়ী কোন ব্যক্তি যদি রাষ্ট্রের ভাবমূর্তি বা সুনাম ক্ষুণ্ন করার, বা বিভ্রান্তি ছড়াবার উদ্দেশ্যে, অপপ্রচার বা মিথ্যা বলেয়া জ্ঞাত থাকা সত্ত্বেও, কোন তথ্য সম্পূর্ণ বা আংশিক বিকৃত আকারে প্রকাশ, প্রচার বা সম্প্রচার করেন বা করতে সহায়তা করেন তাহলে তার অনধিক ৩(তিন) বৎসর কারাদন্ডে, বা অনধিক ৩(তিন) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হবার বিধান আছে । যদি কোন ব্যক্তি উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুনঃ সংঘটন করেন, তাহলে তিনি অনধিক ৫(পাঁচ) বৎসর কারাদন্ডে, বা অনধিক ১০(দশ) লক্ষ টাকা অর্থদন্ডে বা উভয় দন্ডে দন্ডিত হবার বিধান আছে;

৬) উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষার্থীসহ সকল অভিভাবক ও সর্বসাধারণকে প্রশ্ন ফাঁসের মত জঘন্য অপরাধ থেকে বিরত থাকার জন্য সবিনয় অনুরোধ জানানো; এবং

৭) প্রশ্ন ফাঁস সংক্রান্ত সকল গুজবকে অগ্রাহ্য করে যথাযথ প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য সকল পরীক্ষার্থী এবং অভিভাবকগণকে সবিনয়ে অনুরোধ জানানো।

২৪/১১/২১
খালেদা আখতার
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৬৭৮০
ইমেইল: ds_sec1@moedu.gov.bd

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৪. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

২৪/১১/২১
খালেদা আখতার
যুগ্মসচিব